

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড  
সাধারণ সেবা বিভাগ  
প্রধান কার্যালয়ঃ ২০, দিলকুশা, ঢাকা -১০০০

তারিখ: ২২-০৯-২০২১

## নিলাম বিজ্ঞপ্তি

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড প্রধান কার্যালয়ের কিছু পুরাতন কম্পিউটার এ্যাক্সিসোরিস বিক্রি করা হবে যা ঢাকার ১৯৬, মতিঝিলে (যেখানে যে অবস্থায়) রয়েছে। উক্ত পুরাতন কম্পিউটার এ্যাক্সিসোরিসগুলো ক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে পূর্ণ নাম ঠিকানা, মোবাইল নাম্বারসহ দরপত্র আহবান করা যাচ্ছে। পুরাতন কম্পিউটার এ্যাক্সিসোরিস গুলোর বিবরণ ও সংখ্যা নিম্নরূপঃ

(১) সিপিইউ - ৬৬টি (২) ইউপিএস (অফলাইন) - ৫৫০টি (৩) প্রিন্টার - ৮৮টি (৪) মনিটর - ২৭০টি (৫) সার্ভিস ট্যাগ নট ভিজিবল সিপিইউ - ১৪টি (৬) সার্ভিস ট্যাগ নট ভিজিবল মনিটর - ১৩টি।

ক) আগামী ২২/০৯/২০২১ ইং তারিখ থেকে ০৫/১০/২০২১ ইং সকাল ১২.০০ ঘটিকা পর্যন্ত ব্যাংকের সাধারণ সেবা বিভাগ থেকে দরপত্রের প্রতিটি সিডিউল ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে/সাদা কাগজে আবেদন করে সংগ্রহ করা যাবে।

খ) আগ্রহী দরপত্র দাতাগণ ব্যাংকের প্রধান কার্যালয়ের আইএমডিতে (১৯৬, মতিঝিল, ঢাকা) যোগাযোগ করে উক্ত পুরাতন কম্পিউটার ও এ্যাক্সিসোরিস গুলো সরেজমিনে পরিদর্শন করতে পারেন।

গ) দরপত্র জমাদান, খোলার তারিখ ও সময়ঃ বিজ্ঞপ্তির তারিখ থেকে আগামী ০৫-১০-২০২১ ইং দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, প্রধান কার্যালয়, ৪০, দিলকুশা (১ম তলা), ইন্জিনিয়ারিং ডিভিশন, ৬৩, দিলকুশা (৫ম তলা) এবং সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশা (৭ম তলা) এ জমা নেয়া হবে এবং ঐ দিনই দুপুর ২.৩০ ঘটিকা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, সাধারণ সেবা বিভাগ, ২০, দিলকুশায় (৭ম তলা) দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ঘ) দরপত্রের সাথে সংযুক্তিঃ উক্ত দরপত্রের সাথে জামানত হিসেবে, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড বরাবরে যে কোন তফশীলী ব্যাংক থেকে উদ্ধৃত মূল্যের ১০% হারে পে-অর্ডার জমাদান করতে হবে, যা ব্যাংকের নিকট সংরক্ষিত থাকবে এবং সফল দরদাতার ক্রয়মূল্যের সাথে সমন্বয় করা হবে। অন্যান্য দরপত্র দাতাগণের পে-অর্ডার, সফল দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের পর ফেরৎ প্রদান করা হবে।

উক্ত ক্রয় মূল্যের উপর ট্যাক্স, ভ্যাট ও অন্যান্য কর সরকারী বিধি মোতাবেক প্রদান করতে হবে।

উল্লেখ্য যে, ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অনুমোদিত কর্মকর্তা

